শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -১১০৫ (৪০)

তারিখ : ০৬ পৌষ ১৪৩০। / ১৯ ডিসেম্বর ২০২৩।

বিষয় : উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ২০-১২-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়া জোনাল অফিস, কুড়িগ্রাম। (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২০) চেয়ারম্যান, ....................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব...........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -১১০৫ (৪০)/১(৪)

তারিখ : ০৬ পৌষ ১৪৩০। / ১৯ ডিসেম্বর ২০২৩।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো :**

১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। অফিস নথি।

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : ডিসেম্বর, ২০২৩ সভার তারিখ: ২১/১২/২০২৩, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭৪৬৪৪৫৫২৬ | — | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722416887 | — | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01763-204772 | — | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01755-482963 | — | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | 01769407421 | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01712035215 | — | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | — | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401868 | | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | upazilacoopph<br>ulbari@gmail.com | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01729-913930 | | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717928479 | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭২১৮২৫১১২ | | |

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : ডিসেম্বর, ২০২৩ সভার তারিখ: ২১/১২/২০২৩, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৬০৭২৫০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | | | |

# উপজেলা পরিষদ
## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## ডিসেম্বর, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ২১ ডিসেম্বর, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার জনাব সিব্বির আহমেদ সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

<u>আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী) আলোচনা :</u>

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত নভেম্বর, ২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২১৫০টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৩৪৮০টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪২৪০টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৩৫০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৩৭০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>৯৯ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৫টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>১১৬ জন</td></tr>
<tr><td>৯</td><td>খামার পরিদর্শন</td><td>১৩টি</td></tr>
<tr><td>১০</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>২.১৫ একর</td></tr>
</table>
</td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর লাম্পি রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করার ব্যাপারে মনিটরিং কার্যক্রমসহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম এবং বিভিন্ন রোগের চিকিৎসাসহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। হাসপাতালের ল্যাব চালু আছে বিভিন্ন প্রকার রোগের টেষ্ট হচ্ছে। সিজারের মাধ্যমে বাচ্চা প্রসব করানো হচ্ছে। জ্বর হলে ডেঙ্গু টেষ্ট হচ্ছে ডেঙ্গুর সিমটম বিভিন্ন সময় পরিবর্তন হচ্ছে। বাড়ীর আশেপাশে পরিস্কার পরিচ্ছন্নতা রাখা এবং জলাবদ্ধতা নিরসন করার জন্য আহবান জানান।</td><td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/২)

**উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):**

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে,ফুলবাড়ী উপজেলাধী ভূমিহীন ও গৃহহীনদের জন্য বরাদ্ধকৃত গৃহসমূহের সাথে সংযোগ স্থাপনসহ জীবনযাত্রার মান উন্নয়ন ও যোগাযোগ ব্যবস্থার উন্নতিকল্পে মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহসমূহে সংযোগ ও অভ্যন্তরীন সড়ক উন্নয়ন করন প্রকল্পের আত্ততায় উন্নয়ন কাজের পূর্ব প্রস্তুতি হিসেবে ডিপিপিভূক্ত করা হয়।উক্ত ডিপিপিভূক্ত সংযোগ সড়কসমূহের এলজিইডির গেজেটভূক্ত আইডি নম্বর না থাকায় উন্নয়ন করা সম্ভব হচ্ছে না বিধায়,গেজেটের আত্ততায় আনা বিশেষ প্রয়োজন । সেই লক্ষ্যে গেজেটের জন্য নাম ও প্রস্তাবিত আইডি নম্বরসহ জেলা প্রশাসক বরাবরে প্রেরন করা প্রয়োজন ।উক্ত সংযোগ সড়ক সমূহের নাম ও প্রস্তাবিত আইডি নিম্নে উল্লেখ করা হলো।

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | প্রস্তাবিত সড়কের আইডি নং | প্রস্তাবিত সড়কের শ্রেণী | প্রস্তাবিত সংযোগকারী সড়কের নাম | প্রস্তাবিত সংযোগকারী সড়কের দৈর্ঘ্য (কি:মি:) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | | ৪ | ৬ | ১৫ |
| ফুলবাড়ী | নাওডাঙ্গা | ১৪৯১৮৫২৮৫ | গ্রাম্য সড়ক-বি | চর গোড়ক মন্ডপ আবাসন হতে গোড়ক মন্ডপ আশ্রয়ন-২ প্রকল্প পর্যন্ত সড়ক। | ০.৮০০ | |
| | শিমুলবাড়ী | ১৪৯১৮৫২৮৬ | গ্রাম্য সড়ক-বি | ফুলবাড়ী-লালমনিহাট সড়ক হতে যোতিন্দ্র নারায়ন আশ্রয়ন-২ প্রকল্প পর্যন্ত সড়ক। | ১.২০০ | |
| | ফুলবাড়ী | ১৪৯১৮৫২৮৭ | গ্রাম্য সড়ক-বি | টংকার মোড় হতে দাসিয়ারছড়া আশ্রয়ন-২ প্রকল্প পর্যন্ত সড়ক। | ১.৫০০ | |
| | বড়ভিটা | ১৪৯১৮৫২৮৮ | গ্রাম্য সড়ক-বি | বড়ভিটা ইউপি অফিস হতে টাপুর চর আশ্রয়ন-২ প্রকল্প পর্যন্ত সড়ক। | ২.৫০০ | |

এছাড়াও সড়ক উন্নয়ন করনের জন্য দুইটি গেজেটডভুক্ত সড়কের যথাক্রমে দৈর্ঘ্য ও নাম সংশোধন করা প্রয়োজন। উক্ত সড়কদ্বয়ের তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো।

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | সড়কের নাম | সড়কের আইডি নং | সড়কের শ্রেণী | পূর্বের দৈর্ঘ্য (কি:মি:) | প্রস্তাবিত সংশোধিত দৈর্ঘ্য (কি:মি:) | প্রস্তাবিত সংশোধিত নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ফুলবাড়ী | কাশিপুর | Fulbari-Gagla GC Gongerhat RHD Road to Ramkhana Dighirpar Via Anantopur Barakutih (Fulbari part). | ১৪৯১৮২০০৬ | উপজেলা সড়ক | ৮.৮৫ | ৯.৮৫ | - | |
| | ভাঙ্গামোড় | Bhangamore Talukderpara-Pakir hat Rd. | ১৪৯১৮৫০০৩ | গ্রাম্য সড়ক-বি | ১.৭০০ | ২.৪০ | Bhangamore Talukder para(at H/O Monser Bepari)-Pakir hat | |

এমতাবস্থায়, সভায় উল্লেখিত বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং জেলা প্রসাশকের নিকট প্রেরন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়।

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসলিটেটর প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাই ও সুপারিশকৃত ০১টি প্রকল্প সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। প্রকল্পটি নিম্নরূপ :<br>১। গীতিকার তৌহিদ-উল ইসলাম পাঠাগারের পাঠকক্ষ কাম ফ্রিল্যান্সিং সেন্টার নির্মাণ;<br>প্রকল্পের জন্য বরাদ্দ ১১,১৭,৩১৯/- (এগারো লক্ষ সতের হাজার তিনশত উনিশ ভ্যাট ও ট্যাক্স সহ) টাকা। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকলের সম্মতিক্রমে প্রকল্পটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসলিটেটর |
| উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) বোরো ধানের বীজ তলা, আলু, গম, ভুট্টা,সরিষাসহ রবি ফসলের চাষাবাদ কার্যক্রম চলমান। অত্র ফুলবাড়ী উপজেলা চলতি রবি মৌসুমে উল্লেখযোগ্য পরিমান ২,৭৫৫ হেঃ জমিতে সরিষা ফসলের চাষ হয়েছে।<br>(খ) চলতি রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৩,৭২০ জন কৃষককে বোরো ধান বীজ ও সার বিতরণ করা হয়।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার (অ:দা:) ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। রাজস্ব খাতের আওতায় ৪০ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>০১। (ক) নভেম্বর, ২০২৩ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮৩০ জনকে ১,৬৭,২০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) নভেম্বর, ২০২৩ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ১৭,৬১,৩৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) নভেম্বর, ২০২৩ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬২ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। নভেম্বর, ২০২৩ পর্যন্ত ৮১২৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৭%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৮০% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি মাসে ৭৫,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক , উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৪)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। ২০২৪ শিক্ষাবর্ষের ৮ম ও ৯ম শ্রেণির নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পর্যায়ে মাষ্টার ট্রেইনার প্রশিক্ষণ সম্পন্ন।<br>২। ২০২৪ শিক্ষাবর্ষের ৮ম ও ৯ম শ্রেণির নতুন কারিকুলাম বিস্তরণ বিষয়ক শ্রেণি শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>৩। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির নতুন কারিকুলাম বিষয়ক "নৈপুণ্য" এ্যাপস এ রেজিষ্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। ২০২৪ শিক্ষাবর্ষ পাঠ্য পুস্তক প্রাপ্ত ও বিতরণ কার্যক্রম চলমান।<br>৫। আইএমএস মডিউলে ২০২৩ সালের প্রতিষ্ঠানের অনলাইন তথ্য আপলোড কার্যক্রম চলমান।<br>৬। বৈজ্ঞানিক যন্ত্রপাতিসমুহ যথাযথ সংরক্ষণ ও ষ্টক রেজিষ্টারে লিপিবদ্ধসহ শ্রেণি পাঠদানের কার্যক্রম চলমান।<br>৭। এসএসসি(ভোক:) নবম শ্রেণির সমাপনী পরিক্ষা-২০২৩ চলমান।<br>৮। ১১শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি সংক্রান্ত তথ্য আপলোড কার্যক্রম চলমান।<br>৯। শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট খোলার বিষয়ে প্রতিষ্টান প্রধানগণকে নির্দেশনা প্রদান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নভেম্বর/২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br>১। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন চলমান রয়েছে।<br>২। অত্র কার্যালয়ে রাজস্ব ডব্লিউটিসি (সেলাই) প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>৩। অত্র উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সবার অবগতির জন্য জানান যে, বর্তমানে কোন লোডসেডিং নেই। | ফুলবাড়ী উপজেলায় সঠিকভাবে বিদ্যুৎ বিতরণের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষক বদলি প্রক্রিয়া চলমান। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০২৪ শিক্ষাবর্ষ পাঠ্য পুস্তক প্রাপ্ত ও বিতরণ কার্যক্রম চলমান।<br>২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের বাংলা ও প্রাক প্রাথমিক ইনডাকশন প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>৩। যে সকল বিদ্যালয়ের এস.এম.সি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এস.এম.সি গঠনের কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৩ এর ভোটকেন্দ্র হিসাবে নির্বাচিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত নভেম্বর, ২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়:<br>ফুলবাড়ী উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা = ৪৩২০৭ জন, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা = ৩৪৯৯৫ জন, এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৯৯%<br>১। পুরুষ বন্ধ্যাকরণ-০৩, ২। মহিলা বন্ধাকরণ-০১ জন; ৩। আইইউডি-৫৭ জন; ৪। ইমপ্লান-৫২ জন, ৫। ইনজেকশন-৩০৫৪ জন, ৬। খাবার বড়ি ৮৭৭৮ জন; ৭। কনডম-২৮২ জন; ৮। মোট গর্ভবতী সংখ্যা- ১৩৪৪ জন; ৯। সেবা প্রাপ্ত গর্ভবতীর সংখ্যা ৯৮৩ জন, ১০। মোট প্রসব সংখ্যা-২২৮ জন; ১১। ০-০৫ বছরের শিশুর সেবা- ৬৭৯ জন; ১২। সাধারণ রোগীর সেবা-২৬৭০ জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ফুলবাড়ী উপজেলার বিভিন্ন স্থানে মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। শুধু পুলিশ বিভাগের পক্ষে মাদক নির্মূল করা সম্ভব নয়। সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জন প্রতিনিধিদের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। প্রতিটি অভিভাবককে তাদের ছেলে মেয়েদের প্রতি নজর রাখার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ১। মাদক প্রতিরোধের লক্ষ্যে পুলিশি অভিযান জোরদার করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ চত্বরে ঝুকিপূর্ণ পুরাতন অকেজো স্থায়ী-অস্থায়ী স্থাপনা অপসারণে কাজ চলছে। সেক্ষেত্রে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী উপজেলায় একটি ঝুকিপূর্ণ পুরাতন আবাসিক ভবন রয়েছে। যা অপসারণ করা প্রয়োজন। | বিভাগীয় কার্যাবলীসহ উক্ত ঝুকিপূর্ণ ভবনটি অপসারণ করনের জন্য গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ১) পেরোল পাঠানো হয়েছে ২য় কিস্তির। ২) মৃত/নিরুদ্দেশ ব্যক্তিদের পেরোল পাঠানো হয়নি। ৩) মৃত/নিরুদ্দেশ ব্যক্তিদের প্রতিস্থাপনের জন্য ইউনিয়ন পরিষদ থেকে তথ্য পাওয়া না যাওয়ায় পুনরায় তথ্য পাঠানোর জন্য চেয়ারম্যানদের নিকট অনুরোধ জানান। ৪) জানুয়ারি ২০২৪ মাসে খেলাপি ঋণ গ্রহিতাদের ঋণ পরিশোধের জন্য নোটিশ পাঠানো হবে। ৫) ১৩ জন ভিক্ষুককে পুনর্বাসন করা হয় ১২ জনকে ০১টি করে গরু ও ০১ জনকে ০২টি ছাগল প্রদান করা হয়। ৬) রোগী কল্যান সমিতির মাধ্যমে ০৬ টি হুইল চেয়ার প্রদান করা হয়। ৭) ০২ জানুয়ারি ২০২৪ জাতীয় সমাজসেবা দিবস পালনের জন্য সবার সহযোগীতা কামনা করেন। | উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন ভাতা বিতরণ কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্টুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |

(চলমান/৬)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | (১) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত ডিসেম্বর/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১৪,২০৩/-(চৌদ্দ হাজার দুইশত তিন) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, চেয়ারম্যান উপজেলা পরিষদ ও আনসার সেড উপজেলা পরিষদ ব্যবহৃত ডিসেম্বর /২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১৪,২০৩/-(চৌদ্দ হাজার দুইশত তিন) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (২) জনাব মো :আব্দুল লতিফ ,ভাইস-চেয়ারম্যান ,উপজেলা পরিষদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা , ২০২০ এর ৩ (জ)(২) অনুচ্ছেদ অনুযায়ী ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) উপজেলা কমিটির সভার আপ্যায়নের জন্য মাসিক ৮,০০০/- (আট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনা থাকায় তিনি তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ১৮টি সভার আপ্যায়ন বাবদ জুলাই ,২০২২ হতে ডিসেম্বর ,২০২৩ পর্যন্ত প্রতিমাসে ৪,০০০/- (চার হাজার) টাকা হারে সর্বমোট (৪,০০০X১৮মাস) ৭২,০০০/- (বাহাত্ত হাজার) টাকার পৃথক ১৮টি আপ্যায়ন বিল সভায় উপস্থাপন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(৩) জনাব মোছা: জান্নাতি বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান , উপজেলা পরিষদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ,২০২০ এর ৩ (জ)(২) অনুচ্ছেদ অনুযায়ী ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) উপজেলা কমিটির সভার আপ্যায়নের জন্য মাসিক ৮,০০০/- (আট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনা থাকায় তিনি তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ১৮টি সভার আপ্যায়ন বাবদ জুলাই ,২০২২ হতে ডিসেম্বর ,২০২৩ পর্যন্ত প্রতিমাসে ৪,০০০/- (চার হাজার) টাকা হারে সর্বমোট (৪,০০০X১৮মাস) ৭২,০০০/- (বাহাত্ত হাজার) টাকার পৃথক ১৮টি আপ্যায়ন বিল সভায় উপস্থাপন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (২) সভায় দাখিলকৃত বিল সর্বসম্মতিক্রমে পাশ ও অনুমোদন করা হয়।<br>(৩)সভায় দাখিলকৃত বিল সর্বসম্মতিক্রমে পাশ ও অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (৪) উপজেলা নির্বাচন অফিসার সভাকে অবহিত করেন যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, ২০২৪ উপলক্ষ্যে উপজেলা পরিষদ ক্যাম্পাস ও উপজেলা নির্বাচন অফিসে নিরাপত্তার স্বার্থে সার্বক্ষনিক টহল/পাহারা প্রদানের লক্ষ্যে ০২ (দুই) জন আনসার সদস্য গত ০১/১২/২০২৩ তারিখ হতে সাময়িক ভাবে নিয়োগ করা হয়। উক্ত নিয়োগকৃত ০২ (দুই) জন আনসার সদস্যের দৈনিক ভাতা প্রদান করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ম) অনুচ্ছেদ মোতাবেক নিরাপত্তার স্বার্থে আনসার সদস্যের দৈনিক ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সুযোগ রয়েছে। তিনি আরো জানান যে, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৩০ মে ২০১৮ তারিখে ৪৪.০০.০০০০.১১৫.২১.০১২.১২-১০২ নম্বর স্মারক মোতাবেক স্বল্পকালিন অঙ্গীভূত আনসার সদস্যের দৈনিক বাতা সমতল এলাকার জন্য ৪৭৫/- (চারশত পচাত্তর) টাকা নির্ধারন করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা পরিষদ ক্যাম্পাস ও উপজেলা নির্বাচন অফিসে নিরাপত্তার স্বার্থে সার্বক্ষনিক টহল/পাহারা জন্য নিয়োগকৃত ০২ (দুই) জন আনসার সদস্যের দৈনিক ভাতা ৪৭৫/- (চারশত পচাত্তর) টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতি-ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৭)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | (৫) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ) অনুচ্ছেদ মোতাবেক ১৬ ডিসেম্বর, ২০২৩ মহান বিজয় দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় আলোচনা হয়। | সভায় ১৬ ডিসেম্বর, ২০২৩ মহান বিজয় দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় সর্বসম্মতি- ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২৩-১১০৮

তারিখ : ০৯ পৌষ, ১৪৩০।
২৪ ডিসেম্বর, ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ........................................................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
০৯। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। উপজেলা.............................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। চেয়ারম্যান................................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। জনাব......................................................ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। অফিস নথি।..............................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।

২৪/১২/২৩

**(সিব্বির আহমেদ)**
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd